গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং- তারিখ : ০৬ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ।

# স্থায়ী কমিটির সভার নোটিশ ঃ

এতদ্বারা অত্র উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, অত্র কমিটির দ্বিমাসিক সভা আগামী ১৪ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখ সময়ঃ সকাল ১০.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে প্রশাসক, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

আপনাকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় ঃ
১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
২। অর্থ সংক্রান্ত।
৩। উন্নয়ন মূলক।
৪। অপরেশনাল।
৫। বিবিধ।

(মোঃ মোফাখখারুল ইসলাম)
সদস্য সচিব
উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থায়ী সম্পদ বিষয়ক কমিটি
ও
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

প্রাপক
জনাব...............................................
.......................................................
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং-উপ্রবাঅ/নাগ/কুড়ি/২০২৪/ তারিখ :

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ
১। প্রশাসক, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
২। উপজেলা নিবার্হী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৩। অফিস কপি।

স্বাক্ষরিত
সদস্য সচিব
উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থায়ী সম্পদ বিষয়ক কমিটি
ও
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

বিষয় ঃ উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থায়ী সম্পদ বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ প্রশাসক, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম

তারিখ ঃ ১২ নভেম্বর ২০২৪খ্রিঃ,

সময় ঃ সকাল ১০.০০ টা

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

উপস্থিতি স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | প্রশাসক, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | সভাপতি | | |
| ২ | চেয়ারম্যান, কেদার ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | সদস্য | | |
| ৩ | চেয়ারম্যান, নেওয়াশী ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | সদস্য | | |
| ৪ | উপজেলা প্রকৌশলী, নাগেশ্বরী, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | সদস্য | | |
| ৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | সদস্য সচিব | | |

**আলোচ্য বিষয় ঃ**

১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
২। অর্থ সংক্রান্ত ও বই বিতরণ বিষয়ক
৩। উন্নয়ন মূলক।
৪। অপরেশনাল।
৫। বিবিধ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

**আলোচনা ও সিদ্ধান্ত ঃ-**

১ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত ঃ গত সভার কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনান্তে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।

২ নং আলোচনা শুরু হলে উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। তিনি জানান যে সকল ইজিপিপি সুবিধাভোগী আছে তাদের রকেট একাউন্টের অর্থ পরিশোধ করা হবে। সে লক্ষ্যে সকল সুবিধাভোগীর রকেট একাউন্ট খোলার নির্দেশনা প্রদান করা হয়েছে। চলতি অর্থ বছরের বাজেট যথাযথ পরিকল্পনার মোতাবেক বিভাজন করা হয়েছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।

৩ নং বিষয়ে আলোচনা শুরু হলে তিনি জানান যে, চলতি অর্থ বছরে বরাদ্দকৃত টিআর, কাবিখার মাধ্যমে বিভিন্ন রাস্তায় ইউড্রেন নির্মাণ, রাস্তা আরসিসিকরণ, গাইডওয়াল নির্মাণ, রাস্তা মেরামতকাজ চলমান আছে। তার দপ্তরের জনবল কম থাকায় সার্বক্ষণিক মনিটরিং করা সম্ভব হয়না এ বিষয়ে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে তদারকির অনুরোধ জানান।

৪ নং বিষয়ে আলোচনা শুরু হলে চেয়ারম্যান, নেওয়াশী ইউপি জানান যে, এ উপজেলার সকল সরকারি সম্পদ রক্ষায় সকলকে তৎপর হতে হবে। বিভিন্ন প্রকল্পে বরাদ্দকৃত অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। এ বিষয়ে অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থায়ী সম্পদ বিষয়ক নীতিমালা অনুসরণ করার অনুরোধ করেন।

৫ নং বিবিধ বিষয়ে অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্তি ঘোষনা করেন।

প্রশাসক
উপজেলা পরিষদ
নাগেশ্বরী কুড়িগ্রাম